

# চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা-১২১৯।

## ঋণের চুক্তিপত্র

বীমাপত্র নং ..... ঋণের তারিখ ..... ঋণ হিসাব নং .....

বীমা অংক: টাকা ..... ঋণের পরিমাণ: টাকা .....

উপরোক্ত জীবন বীমাপত্রের সুবিধা ও শর্তাবলী অনুযায়ী চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড হইতে প্রাপ্ত (.....) টাকা মাত্র নগদ ঋণের পরিপ্রেক্ষিতে,

আমি / আমরা.....এতদ্বারা ঘোষণা ও সম্মতি প্রকাশ করিতেছি যে,

১. অত্র বীমাপত্রের প্রিমিয়াম যে স্থানে জমা দেওয়া হয়, কেবলমাত্র সেই স্থানেই ঋণের টাকা এবং সুদ জমা দিতে হইবে এবং যথাযথ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরকৃত কোম্পানীর সীলমোহরযুক্ত রশিদ সংগ্রহ করতে হইবে।
২. উপরোক্ত ঋণ বাবদ প্রতি বৎসর শতকরা ১২% টাকা হারে সুদ প্রদেয় হইবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সুদ পরিশোধ না হইলে উহা ঋণের টাকার সাথে যুক্ত হইবে এবং একই শর্ত ও হারে সমগ্র অর্থের উপর সুদ প্রদেয় হইবে। নির্দিষ্ট তারিখ ব্যতীত অন্য কোন তারিখে ঋণ (আংশিক অথবা পূর্ণ) পরিশোধ করিলে উক্ত হার অনুযায়ী পরিশোধের তারিখ পর্যন্ত সুদ গ্রহণ করা হইবে।  
প্রকাশ থাকে যে, কোম্পানী যে কোন সময় পূর্ব নোটিশ ছাড়া উপরোক্ত সুদের হার পরিবর্তন করিতে পারিবে এবং পরিবর্তিত সুদের হার বকেয়া (যদি থাকে) সুদসহ অপরিশোধিত ঋণের অংকের উপরে নিকটতম জানুয়ারী অথবা জুলাই (যেটি প্রযোজ্য) মাস হইতে প্রযোজ্য হইবে।
৩. উল্লিখিত ঋণ এবং পরবর্তীকালে মঞ্জুরীকৃত যে কোন ঋণ যদি কখনো অদেয় সুদের টাকাসহ অত্র বীমাপত্রের তৎকালীন সমর্পণ মূল্যের সমান অথবা অধিক হয়, তাহা হইলে বীমাপত্রটি তৎক্ষণাৎ বাতিল, তামাদি এবং এইরূপ কার্যকরী হওয়ার অযোগ্য হইবে-যেন কোন পক্ষের বিজ্ঞপ্তি ব্যতিরেকেই উহা সমর্পণ করা হইয়াছে। অনুরূপ অবস্থায় চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড উক্ত নগদ সমর্পণ মূল্যের অর্থ দ্বারা উল্লিখিত ঋণ পরিশোধ করিয়া লইবার অধিকারী হইবে।
৪. বকেয়া সুদসহ ঋণের টাকা সম্পূর্ণভাবে পরিশোধিত হইবার পূর্বে যদি অত্র বীমাপত্রের কোন সুবিধা বীমার টাকার উপর কোন দাবী নিষ্পত্তি করিতে হয়, তাহা হইলে কোম্পানী সুদসহ উল্লিখিত ঋণ এবং বীমাপত্র বাবদ অন্য কোন কোনরূপ পাওনা থাকিলে তাহাও সমন্বিত করিয়া মীমাংসাকৃত দাবীর বাকী টাকা পরিশোধ করিতে বাধ্য থাকিবে।
৫. প্রদেয় সুদসহ ঋণের টাকা এবং বীমাপত্রের অধীনে অন্য কোনরূপ পাওনা বীমাপত্রটি সম্পূর্ণ চালু থাকা অবস্থায় অথবা চালু না থাকিলে উহার উপর সুদসহ পাওনা বাবদ ইহাতে আরোপিত সমর্পণ মূল্য নিগ্গশেষিত না হওয়া পর্যন্ত যে কোন সময় পরিশোধ করা মাত্রই অত্র চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

নিম্নোক্ত স্বাক্ষর সম্মুখে আমি / আমরা স্বেচ্ছায় উপরোক্ত শর্তাবলী সম্পন্ন চুক্তিপত্রটি স্বাক্ষর প্রদান করিতেছি।

স্বাক্ষরের স্থান..... তারিখ.....


স্বাক্ষর:-

১. পূর্ণ নাম :.....  
পেশা ও পদমর্যদা :.....  
ঠিকানা :.....
২. পূর্ণ নাম :.....  
পেশা ও পদমর্যদা :.....  
ডাকনাম :.....

বীমাগ্রাহকের স্বাক্ষর

চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

উপরে বর্ণিত ঋণের টাকা সুদসহ ফেরৎ পাওয়া গিয়াছে।



সিএলআইসিএল/

/২০ ইং

ভারপ্রাপ্ত কর্মকর্তা